

মুসলিম মডার্ন একাডেমি

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাস, ঢাকা।


২০২৫ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

মুসলিম মডার্ন একাডেমি, ঢাকা সেনানিবাস-এ ২০২৫ শিক্ষাবর্ষে শিশু থেকে ৭ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। আগামী ১২ নভেম্বর ২০২৪খ্রি. তারিখ থেকে ০৫ ডিসেম্বর ২০২৪খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করা যাবে। ভর্তির ক্ষেত্রে আর্মি ও প্রতিরক্ষায় কর্মরত ব্যক্তিবর্গের সন্তানদের অগ্রাধিকার দেওয়া হবে।

ভর্তির অন্যান্য শর্তাবলী :

- ১। www.mmacademy.edu.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।
- ২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন ও পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র ও প্রয়োজনীয় সকল তথ্য অভিন্ন হতে হবে এবং সে অনুযায়ী সঠিক তথ্য দিয়ে আবেদন ফরম ইংরেজিতে পূরণ করতে হবে।
- ৩। ফরম এর নির্দিষ্ট স্থানে শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ভর্তির সময় শিক্ষার্থীর ছবি মিলানো হবে।
- ৪। ভর্তি ফরমের মূল্য ২০০/- টাকা টি-ক্যাশের মাধ্যমে পরিশোধ করে বিল নম্বর দিয়ে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করতে হবে (প্রিন্টকৃত প্রবেশপত্র ফটোকপি করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং ০১ কপি প্রয়োজনীয় কাগজপত্রের সাথে বিদ্যালয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে জমা দিতে হবে)।
- ৫। শিশু শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৪ তারিখে সর্বনিম্ন ৫ বছর এবং সর্বোচ্চ ৬ বছর এবং ১ম শ্রেণিতে সর্বনিম্ন ৬ বছর এবং সর্বোচ্চ ৭ বছর হতে হবে।
- ৬। শিশু ও ১ম শ্রেণির প্রাথমিক বাছাই ০৮/১২/২০২৪খ্রি. ও ০৯/১২/২০২৪খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে (প্রাথমিক বাছাইয়ের জন্য অভিভাবক (পিতামাতা) ও শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে) :
 - (ক) প্রবেশপত্রের ফটোকপি।
 - (খ) শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি।
 - (গ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি।
 - (ঘ) সামরিক ও প্রতিরক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিটের প্রত্যয়নের মূলকপি।
- ৭। লটারীর সময়সূচি :

শিশু শ্রেণির বাছাইকৃত শিক্ষার্থীদের লটারী ১১-১২-২০২৪খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় এবং ১ম শ্রেণির বাছাইকৃত শিক্ষার্থীদের লটারী ১১-১২-২০২৪খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অভিভাবকগণকে যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো (শিক্ষার্থীদের উপস্থিতি বাধ্যতামূলক নয়)।
- ৮। আসন খালি থাকা সাপেক্ষে ২য় থেকে ৭ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ৯। ২য় থেকে ৭ম শ্রেণির ভর্তি পরীক্ষা/লটারীর তারিখ ও সময় পরবর্তীতে Website/SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।


(মোঃ শাফিকুল আলম)
প্রধান শিক্ষক
মুসলিম মডার্ন একাডেমি
ঢাকা সেনানিবাস, ঢাকা।